



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২ (খাগডহর বাজার), ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-ময়শিবো/কাউসিল/০১/০২/১০৮

তারিখঃ ২৭/০৮/২০২৪ খ্রিঃ

বিষয় : বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্যদের 'সভাপতি' পদে দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র : ২. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.১৮৩, তারিখঃ ২০/০৮/২০২৪।


বিদ্যমান পরিস্থিতিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি/ ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি/ নিবাহী কমিটির সভাপতি পদে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৪ এর ৬৮ অনুযায়ী নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিংবডি/ ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি/ নিবাহী কমিটির সভাপতি পদে-

- (ক) জেলা পর্যায়ে জেলা প্রশাসক/জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ে উপজেলা নিবাহী অফিসারকে এবং
(খ) মহানগর এলাকায় বিভাগীয় কমিশনার/বিভাগীয় কমিশনারের মনোনীত প্রতিনিধিকে সভাপতির দায়িত্ব পদান করা হলো। পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁরা সংশ্লিষ্ট দায়িত্ব পালন করবেন।

গভর্নিংবডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৪ এর ৬৩ অনুযায়ী (সংস্থা) পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত বিধান প্রযোজ্য হবে না।

উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠান কমিটির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কমিটি গঠন করতে পারেনি বা কমিটিবিহীন অবস্থায় পরিচালিত হচ্ছে সেসকল প্রতিষ্ঠানকে গভর্নিংবডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২৪ এর ৬৪ (২) অনুযায়ী এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন করতে হবে।


প্রফেসর মোঃ আবু তাহের

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ
২৭/০৮